SA

৪০৩

# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর ভবন, চট্টগ্রাম-৪১০০

www.cpa.gov.bd

**পরিচালক (প্রশাসন), চবক এর বিজ্ঞপ্তি নং- ২০/২০২১ খ্রি.**

**তারিখ ঃ ১৩ এপ্রিল, ২০২১ খ্রি. ।**

করোনা ভাইরাস জনিত রোগ কোভিড-১৯ পরিস্থিতির কারণে মন্ত্রিপরিষদ বিভাগ হতে ১২ এপ্রিল ২০২১ ইং তারিখে ১২০নং স্মারক পত্রের প্রেক্ষিতে দেশের সাপ্লাই চেইন অব্যাহত রাখার লক্ষ্যে চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম, আমদানি-রপ্তানী, কন্টেইনার/ কার্গো পরিবহন নির্বিঘ্ন রাখার স্বার্থে ১৪ এপ্রিল, ২০২১ইং ভোর ৬.০০টা হতে ২১ এপ্রিল, ২০২১ মধ্য রাত পর্যন্ত মেয়াদে নিম্নোক্ত নির্দেশনা জারী করা হলোঃ-

ক) জরুরী পরিসেবা বিবেচনায় চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম ২৪/৭ চালু থাকবে;

খ) চট্টগ্রাম বন্দরের নৌ-বিভাগ বন্দরে আগত জাহাজের জন্য পাইলটিং সার্ভিস যথারীতি চালু রাখবে। তবে IMO এবং WHO ঘোষিত পদ্ধতি অনুসারে জাহাজের নাবিকদের কোয়ারেন্টাইন এর ব্যবস্থা গ্রহণ করে জাহাজ বার্থিং প্রদান করবে। এছাড়া ভিটিএমআইএস ও ভিটিএসএস সার্বক্ষণিক সচল রাখবে;

গ) পরিবহন বিভাগ বন্দরে আগত জাহাজ সমূহে পণ্যের উঠানামার সমস্ত কার্যক্রম ২৪/৭ সম্পাদন করবে এবং ন্যূনতম জনবল দিয়ে কাস্টম বিভাগ কর্তৃক প্রদত্ত ক্লিয়ারেন্স এর পর দ্রুততার সাথে পণ্য ডেলিভারীর ব্যবস্থা গ্রহণ করবে;

ঘ) চট্টগ্রাম বন্দরের নিরাপত্তা বিভাগ বন্দরের নিরাপত্তা সংক্রান্ত যাবতীয় কার্যক্রম ২৪/৭ গ্রহণ করবে;

ঙ) চট্টগ্রাম বন্দর হাসপাতালের সেবা কার্যক্রম সার্বক্ষণিকভাবে চালু থাকবে। চীফ মেডিক্যাল অফিসার প্রয়োজন অনুযায়ী চিকিৎসক ও নার্সদের রোস্টার দায়িত্ব বন্টন করবেন এবং জরুরি ঔষধ, পর্যাপ্ত অক্সিজেন সিলিন্ডার মজুদ, এ্যাম্বুলেন্সসহ অন্যান্য সুবিধাদি সার্বক্ষণিকভাবে প্রস্তুত রাখবেন এবং পর্যাপ্ত কোভিড টেস্টের ব্যবস্থা করবেন;

চ) যান্ত্রিক বিভাগ বন্দরের সকল যন্ত্রপাতির সার্বক্ষণিক সচল/ চলমান রাখার নিশ্চয়তা বিধান করবে এবং প্রয়োজনীয় ন্যূনতম জনবল বিভিন্ন ওয়ার্কশপে দায়িত্ব পালনের জন্য প্রস্তুত রাখবে। এছাড়া প্রতিদিন প্রয়োজনীয় সংখ্যক ইসিএম চালককে দায়িত্ব পালনের জন্য সার্বক্ষণিক প্রস্তুত রাখবে। গণপরিবহন বন্ধের সময় যান্ত্রিক বিভাগ সিডিউল করে বিভিন্ন শিফটে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের পরিবহনের ব্যবস্থা করবে;

ছ) বিদ্যুৎ বিভাগ ২৪/৭ চট্টগ্রাম বন্দরের অভ্যন্তরে অপারেশনাল এরিয়াসহ সকল পয়েন্টে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করবে;

জ) চট্টগ্রাম বন্দরের ফায়ার সার্ভিস টিম যথারীতি ২৪/৭ দায়িত্ব পালনের জন্য প্রস্তুত থাকবে;

ঝ) পরিচালক(বিদ্যুৎ), সিস্টেমস এনালিষ্ট, চবক বন্দরের সিটিএমএস এবং আইসিটি বেইজড সুবিধাদি সচল রাখবে;

ঞ) পুরকৌশল বিভাগ বিভিন্ন সেবা প্রদানের জন্য একটি ইমার্জেন্সি রেসপন্স টিম প্রস্তুত রাখবে। টিমের মোবাইল নম্বর, ই-মেইল ঠিকানা ইত্যাদি পরিচালক (প্রশাসন), চবক এর নিকট প্রেরণ করবে;

ট) বন্দরের অভ্যন্তরে/বাইরে করোনা পরিস্থিতি সংক্রান্ত বিষয়ে প্রধান চিকিৎসা কর্মকর্তা, চবক ও পোর্ট হেলথ অফিসার, ডাক্তার মোঃ জাবেদ (মোবাইল নম্বর-০১৭১১-৪৪৮৪৩৫) এর সাথে যোগাযোগ রক্ষা করবেন। এছাড়া চট্টগ্রাম বন্দর হাসপাতালের জরুরি বিভাগে ০২-৩৩৩৩৩০২২৪, ০১৭০৩-২৮৪৯৬৯ নম্বরে যোগাযোগ করা যাবে;

ঠ) চট্টগ্রাম বন্দর থেকে ডেলিভারি কার্যক্রম ত্বরান্বিত করার জন্য পরিবহন বিভাগ, শিপিং এজেন্টস, সিএন্ডএফ এজেন্টস, বার্থ অপারেটরস, টার্মিনাল অপারেটর, শিপ হ্যান্ডলিং অপারেটরস এবং অন্যান্য বন্দর ব্যবহারকারীগণ এর কার্যক্রমে সর্বাত্মক সহায়তা প্রদানের লক্ষ্যে ব্যাংক, কাস্টমস কর্তৃপক্ষ, কোয়ারেন্টাইন, এটমিক এনার্জি কমিশনসহ সংশ্লিষ্ট সকল বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

ড) শিপিং এজেন্টস ও ফ্রেইট ফরোয়ার্ডারগণ সিএন্ডএফ এর কার্যক্রমে বা ডেলিভারী কার্যক্রমে সহায়তা প্রদানের লক্ষ্যে ন্যূনতম জনবল রেখে স্বাস্থ্যবিধি মেনে ডিও ইস্যু করার ব্যবস্থা নিবেন;

ঢ) বিজিএমইএ, বিকেএমইএ, এফবিসিসিআইসহ সকল আমদানীকারকগণ বন্দর থেকে কন্টেইনার/ কার্গো ডেলিভারী চালু রেখে বন্দরের কার্যক্রম সচল রাখাসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি ডেলিভারী অর্থাৎ দেশের সাপ্লাই চেইন অব্যাহত রাখতে সার্বিক সহযোগীতা করবে;

ণ) বিকডা এর সদস্য অর্থাৎ প্রাইভেট অফডকগুলো চট্টগ্রাম বন্দর থেকে কন্টেইনার/ পন্য আমদানী রপ্তানী কার্যক্রমে সহযোগিতা করার জন্য স্বাস্থ্যবিধি মেনে ২৪×৭ অফডকগুলো চালু রাখার ব্যবস্থা নিবে;

ত) বাংলাদেশ রেলওয়ে ঢাকা আইসিডিগামী কন্টেইনার পরিবহনের জন্য ২৪×৭ ওয়াগন সরবরাহ নিশ্চিত করবে;

থ) বন্দরের অভ্যন্তরে ওয়ান ষ্টপ সার্ভিস সমূহে স্থাপিত বিভিন্ন ব্যাংকের বুথসহ নূন্যতম জনবল দিয়ে খোলা রাখার ব্যবস্থা নিতে হবে;

দ) বন্দর কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট বেসরকারী আইসিডি/অফডক, শিপিং এজেন্টস, ফ্রেইট ফরওয়ার্ডারস, সিএন্ডএফ এজেন্টস, বার্থ অপারেটর, টার্মিনাল অপারেটর ও শীপ হ্যান্ডলিং অপারেটর প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা-কর্মচারীদের নিজস্ব কর্মস্থলে যাতায়াতে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকল আইন প্রয়োগকারী সংস্থাকে অনুরোধ করা হলো;

ধ) সকল বিভাগীয় প্রধান জরুরি বিষয়ে ই-ফাইলিং এর মাধ্যমে দাপ্তরিক কাজ সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করবেন এবং ই-মেইল, টেলিফোনের মাধ্যমে যোগাযোগ রক্ষা করবেন। পরিচালক (প্রশাসন), চবক এবং সচিব, চবক বন্দর ভবন এর অফিসের কার্যক্রম সমন্বয় করবেন। ন্যূনতম প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী উপস্থিত রাখার ব্যবস্থা গ্রহণ করবেন। সকল কর্মচারী বর্ণিত সময়ে কর্মস্থল ত্যাগ করবেন না;

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

ন) অর্থ বিভাগ সকল কর্মকর্তা-কর্মচারীর বেতন-আনুতোষিক ইত্যাদি নিয়মিত পরিশোধের ব্যবস্থা গ্রহণ করবে;

প) কোন কর্মকর্তা/কর্মচারী করোনা সন্দেহে স্যাম্পল টেস্ট করতে দিলে নেগেটিভ রিপোর্ট না পাওয়া পর্যন্ত তিনি অফিসে উপস্থিত থাকা হতে বিরত থাকবেন। স্যাম্পল দাতাদের তালিকা প্রধান চিকিৎসা কর্মকর্তা, চবক আন্তঃযোগাযোগ গ্রুপে প্রদান করবেন এবং বিভাগীয় প্রধানগণ স্যাম্পল দাতাদের নেগেটিভ রিপোর্ট না পাওয়া পর্যন্ত অফিসে উপস্থিতি বিরত রাখা নিশ্চিত করবেন। বিভাগীয় প্রধানবৃন্দ অধীনস্ত সকলের মাস্ক ব্যবহার নিশ্চিত করবেন এবং "নো মাস্ক নো সার্ভিস" নীতিমালার যথাযথ প্রতিপালন নিশ্চিত করবেন;

ফ) বিভাগীয় প্রধানগণ প্রধানমন্ত্রীর কার্যালয় হতে ২৯ মার্চ, ২০২১ তারিখের ১২৪নং স্মারকের প্রজ্ঞাপনের ১৮ দফা নির্দেশনা প্রতিপালন নিশ্চিত করবেন। সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানবৃন্দ এবং পুরকৌশল বিভাগ বন্দর ভবন এবং বন্দরের বিভিন্ন স্থাপনায় স্থাপিত হাত ধোয়ার ব্যবস্থা সচল রাখবেন এবং ব্যবহার নিশ্চিত করবেন;

ব) চট্টগ্রাম বন্দরের অভ্যন্তরস্থ খাবারের দোকান/ক্যান্টিন খোলা থাকবে। ক্যান্টিন হতে পার্সেল পদ্ধতিতে খাদ্য গ্রহণ করতে হবে, ক্যান্টিনে বসে খাওয়া যাবেনা;

ভ) পরিচালক (নিরাপত্তা), চবক চট্টগ্রাম বন্দর থেকে পণ্য বোঝাই করে দেশের বিভিন্ন প্রান্তে গমনকারী ট্রাক/লড়িতে বিশেষ ধরণের স্টিকার লাগানোর ব্যবস্থা করবেন যাতে তারা পণ্য পরিবহনে সড়কে ঝামেলা মুক্ত থাকে। প্রদত্ত স্টিকার ১৪-৩০ এপ্রিল কার্যকর থাকবে মর্মে মেয়াদ উল্লেখ থাকবে;

ম) অথরাইজড অফিসার, চবক স্বাস্থ্যবিধি প্রতিপালনের জন্য বন্দর অধিক্ষেত্রে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করবেন;

য) চট্টগ্রাম বন্দরের অপারেশনাল কার্যক্রম কন্টেইনার/ কার্গো পরিবহন ২৪×৭ স্বাভাবিক রাখার লক্ষ্যে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের নিম্নোক্ত কর্মকর্তাবৃন্দের সাথে জরুরী প্রয়োজনে যোগাযোগ করা যাবেঃ-

ক). পরিচালক(পরিবহন)- মোবাইল-০১৮২৪৬৬৬৪৫০

খ). পরিচালক (নিরাপত্তা)- মোবাইল-০১৭৩৩২২৮২৬৫

২০/৪/২১

পরিচালক (প্রশাসন)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

CHITTAGONG PORT AUTHORITY
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
২০২০-২১ ইং